দৈনিক খবর

40

তারিখ 23 FEB 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

# ঢাকা জেলা পুলিশের গণশিক্ষা কার্যক্রম উদ্বোধন

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সম্প্রতি পুলিশ সপ্তাহ উদ্বোধনকালে নিরক্ষরদের মধ্যে গণশিক্ষা কার্যক্রম গ্রহণের জন্য পুলিশ বাহিনীর সদস্যদের প্রতি আহবান জানান। সেই লক্ষ্য বাস্তবায়নে গত শনিবার মিল ব্যারাক পুলিশ লাইনে ঢাকা জেলা পুলিশ বাহিনীর পক্ষ হতে গণশিক্ষা কার্যক্রম আনুষ্ঠানিকভাবে চালু করা হয়। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ পুলিশ বাহিনীর ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ এ এস এম শাহজাহান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানটি উদ্বোধন করেন এবং শিক্ষার্থীদের মধ্যে বিনা মূল্যে বইপত্র বিতরণ করেন। অনুষ্ঠানে ঢাকা রেঞ্জ, ডিআইজি এ ওয়াই বি আই সিদ্দিকী বিশেষ অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন। এ ছাড়া পুলিশের উর্ধ্বতন কর্মকর্তা, পুলিশ বাহিনীর সদস্যবৃন্দ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তার উদ্বোধনী ভাষণে নিরক্ষরদের অক্ষর দানের মাধ্যমে গণশিক্ষা কার্যক্রম গ্রহণের জন্য পুলিশ বাহিনীর সদস্যদের প্রতি আহবান জানান। প্রেসবিজ্ঞপ্তি।